



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রং-৬২/২০১৬/ ১৬২২২

তারিখ:

৩০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ

১৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

গড় ধর্মপাল ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘর: গড়েরহাট, উপজেলা: জলঢাকা, জেলা: নীলফামারী-এর ফাজিল স্নাতক (পাস) স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৮.০৬.২০২৩ খ্রি. তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল স্নাতক (পাস) স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২৩ খ্রি. থেকে ৩০.০৬.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো:

শর্তসমূহ:

১. ফাজিলসহ সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিতসহ ক্লাস মনিটরিং করতে হবে।
২. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে এবং শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষা দক্ষ করে গড়ে তুলতে হবে।
৩. শিক্ষার্থীদের জন্য আলাদা কমন রুমসহ মান সম্মত টয়লেটের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
৪. একাডেমিক ভবন নির্মাণসহ সীমানা প্রচীর নির্মাণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. শ্রেণিকক্ষে পর্যাপ্ত আলোর ব্যবস্থাসহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
৬. ব্যাংকের মাধ্যমে সকল আর্থিক লেনদেন করতে হবে এবং বাৎসরিক সকল আয়-ব্যয়ের হিসাব অডিট কমিটির মূল্যায়ন শেষে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে।
৭. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

*Handwritten signature: Daud 15.10.2023*

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

গড় ধর্মপাল ইসলামিয়া ফাজিল মাদ্রাসা

ডাকঘর: গড়েরহাট, উপজেলা: জলঢাকা, জেলা: নীলফামারী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রং-৬২/২০১৬/ ১৬২২২

তারিখ:

৩০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ

১৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, গড় ধর্মপাল ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘর: গড়েরহাট, উপজেলা: জলঢাকা, জেলা: নীলফামারী।
- ৮। অফিস নথি।

*Handwritten signature: M. Jahan Uddin 20.10.23*

(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭২৪৮০৮৫২৪